PG Even Semester (CBCS) Exam., May—2017

বাংলা

(4th Semester)

পাঠক্রম নং : BNGCC–402

(বিশ শতকের দ্বিতীয় পর্বের বাংলা কথাসাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। সমরেশ বসুর জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো। 'গঙ্গা' উপন্যাসে বিলাসের বিশেষত্ব নির্ণয় করো। ১+১+১২=১৪

২। 'গঙ্গা' উপন্যাস কোন্ পত্রিকায় প্রথম কবে প্রকাশিত হয়? 'গঙ্গা' উপন্যাসে হিমির ভূমিকা নিরূপণ করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? উপন্যাসে আনোয়ারদের গ্রাম থেকে গরু চুরি করে যেখানে চালান করা হতো, সেই জায়গার নাম কী? ১৯৬৯-এর পূর্ব পাকিস্তানের গণ-জাগরণের এক সাহিত্যিক উপস্থাপন হিসেবে এই উপন্যাসের পুনঃপাঠ প্রস্তুত করো। ১+১+১২=১৪

৪। 'চিলেকোঠার সেপাই' উপন্যাসে ওসমানের পুরো নাম কী? উপন্যাসে বর্ণিত ছয় দফা দাবিগুলি কী কী? এই উপন্যাসের ঘিজির চরিত্রটিকে শ্রেণি-অবস্থানের প্রেক্ষিতে আলোচনা করো। ১+৩+১০=১৪

গ—গুচ্ছ

৫। 'স্তনদায়িনী ও অন্যান্য গল্প' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? এই গ্রন্থে মোট কয়টি গল্প সংকলিত হয়েছে? বিশ শতকের সাতের দশকের আর্থ-সামাজিক বাস্তবতার দলিল হিসেবে মহাশ্বেতা দেবীর গল্পগুলি কীভাবে গণ্য হতে পারে তা আলোচনা করো। ১+১+১২=১৪

৬। মহাশ্বেতা দেবীর জন্ম ও মৃত্যুসাল উল্লেখ করো। 'সাঁঝ সকালের মা' গল্পের মূল নারী চরিত্রের নাম কী? মহাশ্বেতা দেবীর 'মা' আর্কেটাইপ নিয়ে লেখা গল্পগুলির ক্ষেত্রে নিয়ামক শক্তি হিসেবে কাজ করেছে দারিদ্র্য-ক্লিষ্ট ক্ষুধার ছবি। গল্পপাঠের নিরিখে বিষয়টি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসটি কবে প্রকাশিত হয়েছিল? এই উপন্যাসে মোট কয়টি পরিচ্ছেদ আছে? ‘‘প্রান্তিক জনগোষ্ঠীর নিজস্ব ইতিহাস অনুসন্ধান ও আত্মপ্রতিষ্ঠার আকাঙ্ক্ষা এই উপন্যাসের মূল প্রতিপাদ্য বিষয়।’’ এই মন্তব্যের আলোকে উপন্যাসটির ঔপনিবেশোত্তর পাঠ উপস্থাপিত করো। ১+১+১২=১৪

৮। ‘রহু চণ্ডালের হাড়’ ব্যতিরেকে অভিজিৎ সেনের অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো। কথাসাহিত্যের প্রতীচ্যাগত সংরূপকে অস্বীকার করে অভিজিৎ সেন কীভাবে আখ্যানের বিকল্প পাঠ উপস্থাপিত করেন, ‘রহু চণ্ডালের হাড়’ অবলম্বনে তা আলোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। ‘গান্ধর্বী’ উপন্যাসটি কোন্ পটভূমিকায় রচিত? এই উপন্যাসের কেন্দ্রে অপালা নামের দেবদত্ত কন্ঠের অধিকারিণী এক নারীর সাধনা ও সংগ্রাম, গান্ধর্বী প্রকৃতি ও মানবী হৃদয়বৃত্তির মর্মন্তুদ দ্বন্দ্বই মূল উপজীব্য। পর্যালোচনা করো। ২+১২=১৪

১০। ‘গান্ধর্বী’ উপন্যাসে কয়টি উপকাহিনি আছে? উপকাহিনিগুলির নামোল্লেখ করো। ‘‘রামেশ্বর ঠাকুর ও মিতশ্রীর উপকাহিনিকে অপূর্ব দক্ষতায় লেখক মূলকাহিনিতে মিলিয়ে দিয়েছেন।’’ মন্তব্যটি আলোচনা করো। ১+৩+১০=১৪

★★★